

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০১.২১-২৮৫

তারিখ: ০৫ চৈত্র ১৪২৯
১৯ মার্চ ২০২৩

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিঙ্গিএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: চলতি ২০২২-২৩ অর্থ বছরের এডিপি'তে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নধীন 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় ট্রাফিক অবকাঠামো উন্নয়নসহ সড়ক নিরাপত্তা' শীর্ষক প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের ২য়-৩য় কিস্তির অর্থ অবমুক্তি।

স্থানীয় সরকার বিভাগের গত ১৯ মার্চ ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.০২.০০১.২১-২৮৪ নম্বর সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এ মর্মে আদিষ্ট হয়ে স্থানীয় মুদ্রা (জিওবি) অংশের অর্থ হতে ৮৫% হিসেবে ২য়-৩য় কিস্তি বাবদ ৩৭৫০.০০ লক্ষ (সাইত্রিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা (মূলধন খাতে ৩৭৪২.৬৮৫ লক্ষ এবং রাজস্ব খাতে ৭.৩১৫ লক্ষ) টাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ পিপিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	ঋণের অর্থের পরিমাণ	বিনিয়োগের অর্থের পরিমাণ	অনুদানের অর্থের পরিমাণ	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (২২৪৩৩২৬০০ ০০০০০০০)	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নধীন 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকার ট্রাফিক অবকাঠামো উন্নয়নসহ সড়ক নিরাপত্তা প্রকল্প (কোড নং-২২৪৩৩২৬০০)	অনুমোদিত	২য়-৩য় কিস্তি	-	-	-	৭.৩১৫ লক্ষ টাকা	৩৭৪২.৬৮৫ লক্ষ টাকা	৩৭৫০.০০ লক্ষ (সাইত্রিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা

(ক) উপরোক্ত অর্থ জিওবি অনুদান হিসাবে দেয়া হল।

(খ) এ ব্যয় বর্তমান অর্থ বৎসরের (২০২২-২৩) সংশোধিত উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, স্থানীয় সরকার বিভাগের (কোড নং-১৩৭০১) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নধীন 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকার ট্রাফিক অবকাঠামো উন্নয়নসহ সড়ক নিরাপত্তা প্রকল্প' (কোড নং-২২৪৩৩২৬০০) হতে বহন করা হবে।

২। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (শুধু ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এ অংকের বর্হিভূত)।

৩। এ বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

৪। এ আদেশ অর্থ বিভাগের ১৬ মার্চ ২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১১১.০৫.০০১.২২-১০৩ নং পত্রে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ও নিম্নোক্ত শর্তে জারি করা হলো:

- (১) ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণের পূর্বে ডিএসএল এর অংশবিশেষ পরিশোধ করতে হবে;
- (২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনী) অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (৩) ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০শে জুন ২০২৩-এর মধ্যে চালানযোগে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- (৪) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (৫) অনুমোদিত ডিপিপি'র অঙ্গভিত্তিক ব্যয় করতে হবে এবং প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না; এবং
- (৬) অর্থ বিভাগের ব্যয় সাশ্রয়করণ পরিপত্রসমূহ (০৩/০৭/২০২২ এবং ২১/০৭/২০২২ তারিখের ১, ৩৩৫ এবং ১৬নং পরিপত্র) যথাযথভাবে অনুসরণ করতে হতে (প্রযোজ্য ক্ষেত্রে)।

৫। এ বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে সংস্থার পক্ষে মেয়র ও প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এ অর্থ উত্তোলন করতে পারবেন।

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৬২৫

মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০

ই-মেইল: lgcc1@lgd.gov.bd

চলমান পাতা ১/২

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০১.২১-২৮৫/১(১৫)

তারিখ: ০৫ চৈত্র ১৪২৯
১৯ মার্চ ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ উপসচিব (বাজেট-১১ শাখা)।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।
৫. মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্মসচিব (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মেয়রের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।
৮. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নধীন 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকার ট্রাফিক অবকাঠামো উন্নয়নসহ সড়ক নিরাপত্তা প্রকল্প', ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
১১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (জিওটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
১২. অফিস নথি।



(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব